বিসমিল্লাহির রাহমানির রাহিম

# মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা


**MADINATUL ULUM MODEL INSTITUTE FAZIL (DEGREE) MADRASAH**

নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান পার্বত্য জেলা

স্থাপিত ঃ ০১/০১/১৯৯০ খ্রিঃ।

**✱ EIIN-103132 ✱ E-mail-mumifm.nc@gmail.com. ✱ Madrasah Code : 19754**

**www.mumiam.edu.bd**

**Mobile : Self- 01818-906-995 # Self- 01559-482-920 # Office- 01612-917-106 # Office- 01309-103-132**


স্মারক নং-মউমইফামা/সাত-০১.০১/১৫৯/২০২৪/৫২২৯/১(৯) তারিখ ঃ ২৪/০৬/২০২৪ খ্রিঃ

**বিষয় ঃ অত্র মাদ্রাসার অর্ধ-বার্ষিক পরীক্ষা'২০২৪ পরিচালনা কমিটি গঠন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে দেশের বেসরকারী মাদ্রাসা সমূহের জন্য শিক্ষা মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক ঘোষিত সময় সূচি অনুযায়ী আগামী ০৩/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠেয় অত্র মাদ্রাসার অর্ধ-বার্ষিক পরীক্ষা'২০২৪ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে গ্রহণ ও ফলাফল প্রস্তুতের লক্ষ্যে নিম্নোক্ত অর্ধ-বার্ষিক পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করা হলো।

| ক্রমিক | দায়িত্ব প্রাপ্ত শিক্ষকদের নাম | পদবী | অবস্থানগত পদবী |
|---|---|---|---|
| ০১ | জনাব মাওঃ মোহাম্মদ আবু বকর ছিদ্দিক | সহকারী মৌলভী-১ | আহবায়ক (পঃ নিয়ন্ত্রক) |
| ০২ | জনাব মোখতার আহমদ | সহকারী মৌলভী-৩ | সদস্য |
| ০৩ | জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন | ইবতেদায়ী শিক্ষক | সদস্য |
| ০৪ | জনাব মাওঃ শরীফ আহমদ | ইবতেদায়ী মৌলভী | সদস্য |
| ০৫ | জনাব মাওঃ মনছুর আলম | ইবতেদায়ী নুরানী শিক্ষক-১ | সদস্য |

***ঃ কমিটির কার্যাবলী ঃ***

১। গঠিত কমিটি ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক পৃথক পরীক্ষা হলের ব্যবস্থা করবেন। পরীক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করবেন ও মাদ্রাসা কর্তৃপক্ষের প্রকাশিতব্য পরীক্ষার সময় সূচীর আলোকে আসন বিন্যাস করবেন এবং দৈনন্দিন পরীক্ষা গ্রহণ করবেন। পরীক্ষার ফিসহ অন্যান্য যাবতীয় ফি আদায়ের জন্য তাগাদা প্রদান করবেন।

২। দৈনন্দিন কক্ষ প্রত্যবেক্ষক তালিকা প্রস্তুত করবেন ও প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষরসহ পরীক্ষা অনুষ্ঠানের অন্তত তিনদিন পূর্বে নোটিশ বোর্ডে টাঙ্গানোর ব্যবস্থা করবেন।

৩। প্রশ্নপত্র সীলগালাবস্থায় পরীক্ষা অনুষ্ঠানের কমপক্ষে ৩ (তিন) দিন পূর্বে অফিসে সংরক্ষণ করবেন। আহ্বায়ক বা তার প্রতিনিধি পরীক্ষার রুটিন অনুযায়ী পরীক্ষা কেন্দ্রে দৈনন্দিন বিতরণ করবেন। প্রশ্নপত্রের ব্যাপারে যে কোন তথ্য ফাঁসের জন্য সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৪। উত্তর পত্র প্রস্তুত, পরীক্ষা শেষে গ্রহণ ও পরীক্ষকদের মাঝে বিলি-বন্টনের প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। পরীক্ষার যাবতীয় কাগজ পত্রাদি সংগ্রহ ও সংরক্ষন করবেন। পরীক্ষায় নকল বন্ধের প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করেবন

৫। পরীক্ষার্থী অনুপাতে কক্ষ প্রত্যবেক্ষক তালিকা তৈরী করবেন। যথাসম্ভব বিষয়ভিত্তিক শিক্ষককে পরীক্ষার প্রত্যবেক্ষক তালিকায় স্থান দেবেন তবে অধ্যক্ষ মহোদয়ের ব্যাপারে এ বিধান প্রযোজ্য হবে না। অধ্যক্ষ মহোদয়ের বিষয়ে অন্য শিক্ষককে প্রত্যবেক্ষকের দায়িত্ব দেবেন ও দায়িত্বের বিষয়টি প্রত্যবেক্ষকগণকে অবহিত করবেন। উল্লেখ্য যে, কোন প্রত্যবেক্ষক নির্ধারিত সিডিউলে অনুপস্থিত থাকতে পারবে না। যদি কোন প্রত্যবেক্ষক নির্ধারিত সিডিউলে দায়িত্ব পালনে অনুপস্থিত থাকেন সেক্ষেত্রে কমিটি বিষয়টি প্রতিষ্ঠান প্রধান কিংবা তাঁর প্রতিনিধিকে দ্রুত অবহিত করবেন। এ ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান বিধি মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। পরীক্ষার্থী ও প্রত্যবেক্ষকদেরকে যথাসময়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিতির বিষয়ে তাগিদ দেবেন। প্রত্যবেক্ষক সম্মানী বাবদ দৈনিক/বেলা- ১০০.০০ টাকা হারে প্রদান করবেন। কমিটির আহ্বায়ক ৬০০.০০ অন্যান্য সকল সদস্যের মাথাপিছু ৫০০.০০ এবং ৩য় ও ৪র্থ শ্রেণির ৪ জন কর্মচারীদের জন্য পরীক্ষা কাজে সহায়তার সম্মানী বাবদ মাথাপিছু ৪০০.০০ পরিশোধ করবেন। পরীক্ষার সময় প্রত্যবেক্ষক ও অন্যান্য শিক্ষকদেরকে মাদ্রাসার তহবিল হতে চলমান প্রক্রিয়ায় আপ্যায়ন করার ব্যবস্থা গ্রহণ করবেন।

৭। গঠিত কমিটি পরীক্ষক কর্তৃক প্রেরীত উত্তর পত্র পূণঃ যাচাই-বাছাই করবেন ও সংরক্ষন করবেন। নির্ভুলভাবে বিষয় শিক্ষকগণ অর্ধ-বার্ষিক পরীক্ষার বিষয়ওয়ারী ফলাফল অনলাইনে ইনপুট প্রদান করবেন ও গোপনীয়তা রক্ষা করবেন। ফলাফলে যে কোন ত্রুটির জন্য কমিটির সকল সদস্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৮। পরীক্ষক (বিষয় শিক্ষক) উত্তর পত্র নিজেরাই মূল্যায়ন করে অনলাইনে ইনপুট প্রদান করে উক্ত কপি আগামী <u>০৫/০৮/২০২৪</u> তারিখের মধ্যে পরীক্ষা পরিচালনা কমিটির নিকট অবশ্যই জমা প্রদান করবেন। পরীক্ষা শেষে কমিটি কর্তৃক প্রদত্ত প্রতিবেদন পর্যালোচনাক্রমে বিষয় শিক্ষকগণকে উত্তরপত্র মূল্যায়ন সম্মানী প্রতি বিষয়ে ৫.০০ টাকা প্রদান করবেন।

৯। চূড়ান্ত ফলাফল অনুমোদন ও অনলাইনে প্রকাশের লক্ষ্যে আগামী <u>২০/০৮/২০২৪</u> তারিখ এর মধ্যে কমিটি মাদ্রাসা অধক্ষের বরাবরে ফলাফল পেশ করবেন।

১০। কমিটিকে কার্য সম্পাদনের পূর্বে কাজের পরিকল্পনা তৈরী পূর্বক সম্ভাব্য অনুর্দ্ধ মং-৪০,০০০.০০ প্রাক্কলন/বাজেট প্রস্তুত করতে হবে ও অনুমোদিত বাজেট মোতাবেক ব্যয় সংকোচন করতঃ কার্যক্রম সম্পাদন করতে হবে। উক্ত প্রাক্কলন/বাজেট পর্যালোচনা সাপেক্ষে কমিটির আহ্বায়ক জনাব শাখাওয়াত হোসেন এর নামে ৫০% নগদ/ব্যাংক চেকের মাধ্যমে প্রয়োজনীয় অগ্রীম বিল প্রদান করা হবে। পরবর্তীতে অগ্রীম গৃহীত বিলের অর্থ চুড়ান্ত বিলের সাথে সমন্বয় করবেন।

১১। অত্র মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের স্বার্থে সংশ্লিষ্ট সকলকে অর্পিত দায়িত্ব যথাযথ পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**( মাওঃ মোহাম্মদ সৈয়দ হোসাইন )**
অধ্যক্ষ ও সম্পাদক
মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা
নাইক্ষ্যংছড়ি,বান্দরবান পার্বত্য জেলা।
☎০১৮১৮৯০৬৯৯৫/০১৫৫৯৪৮২৯২০

জনাব ..................................................
পদবী ঃ................................................
মদিনাতুল উলুম মডেল ইন ঃ ফাজিল মাদ্রাসা,
নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান ।

**<u>অনুলিপি সদয় আবগতি ও কার্যার্থে প্রেরিত হলো ঃ</u>**

১। জনাব ও.আ.ম.রফিকুল ইসলাম, সভাপতি, এডহক কমিটি, অত্র মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান।
২। জনাব-----------------------------------------------------------------সদস্য (সকল), এডহক কমিটি, অত্র মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান।
৩। জনাব শামসু উদ্দিন, অফিস সহকারী কাম হিসাব সহকারী, অত্র মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান। পরীক্ষা কমিটিকে প্রযোজ্য বিল পরিশোধের অনুরোধসহ
৪। জনাব মুহাম্মদ মুফিদুল আলম, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, অত্র মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান। পরীক্ষা কমিটিকে প্রযোজ্য সহযোগিতার অনুরোধসহ
৫। সংশ্লিষ্ট নথি।